



ঢাকা বিশ্ববিদ্যালয়ঃ মার্কেটিং বিভাগের ০১ (এক) টি স্থায়ী প্রভাষকের পদ পূরণের জন্য এবং ০১ (এক) টি স্থায়ী সহকারী অধ্যাপকের শূন্য পদের বিপরীতে ০১ (এক) জন অস্থায়ী প্রভাষক নিয়োগের জন্য রেজিস্ট্রারের দফতর হতে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। বেতন স্কেলেঃ ২২,০০০-৫৩,০৬০/-টাকা (জাতীয় বেতন স্কেল-২০১৫)।

যোগ্যতাঃ প্রার্থীদের অবশ্যই মার্কেটিং বিষয়ে চার বছর মেয়াদী বিবিএ এবং এমবিএ উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে ন্যূনতম ৩.৭৫ থাকতে হবে। প্রার্থীদের এস.এস.সি. এবং এইচ.এস.সি. উভয় পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে ন্যূনতম ৪.২৫ থাকতে হবে। অন্যান্য যোগ্যতা সমান থাকলে উচ্চতর ডিগ্রীধারীগণকে অগ্রাধিকার প্রদান করা যেতে পারে।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফটসহ ৮ (আট) কপি দরখাস্ত রেজিস্ট্রারের নিকট পৌঁছাতে হবে। প্রত্যেক কপি দরখাস্তের সাথে প্রশংসাপত্র, মার্কসিট এবং অভিজ্ঞতার প্রমাণপত্রের সত্যায়িত প্রতিলিপি সংযুক্ত করতে হবে। দরখাস্ত জমা দেওয়ার শেষ তারিখ ১৮/১০/২০২১। চাকরিরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত প্রেরণ করতে হবে।